

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 03-01-2026
Time : 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Book Fair-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন শিক্ষা সাহিত্য ও সাংস্কৃতির বিকাশে নবীন প্রজন্মকেও উৎসাহিত করতে হবে। এর একমাত্র মাধ্যম হচ্ছে বই। বই সেতুবন্ধনের কাজটি করে। গতকাল আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাপ্তনে ১৩ দিনব্যাপী ৪৪তম আগরতলা বইমেলায় উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি আরো বেশি করে বইয়ের প্রচার-প্রসার ঘটাতে বই প্রেমীদের কাছে আহ্বান রাখেন। এবারের বই মেলায় রয়েছে ১৮৩টি স্টল। তাছাড়া ছবির গ্যালারি, সাংস্কৃতিক অনুষ্ঠান, বই প্রকাশ কবি সম্মেলন ইত্যাদি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লির রাই পিথোরা কালচারাল কমপ্লেক্সে ভগবান বুদ্ধ সম্পর্কিত পবিত্র পিপ্রাওয়া রেলিক্সের গ্র্যান্ড ইন্টারন্যাশনাল এক্সপোজিশন উদ্বোধন করবেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে, মোদী বলেছেন ইতিহাস, সংস্কৃতি এবং ভগবান বুদ্ধের আদর্শ সম্পর্কে উৎসাহীদের জন্য একটি খুব বিশেষ দিন। তিনি বলেন, ভগবান বুদ্ধের মহৎ চিন্তাকে আরও জনপ্রিয় করার জন্য সরকারের প্রতিশ্রুতির সঙ্গে এই প্রদর্শনী সঙ্গতিপূর্ণ। এটি দেশের যুবসমাজ এবং এর সমৃদ্ধ সংস্কৃতির মধ্যে বন্ধনকে আরও গভীর করার একটি প্রচেষ্টা।

ADC-School :

শীতের প্রকোপে তাপমাত্রা নেমে যাওয়ায় এডিসি এলাকার সমস্ত স্কুল আজ থেকে ১৩ই জানুয়ারি পর্যন্ত বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে দশম এবং দ্বাদশ শ্রেণীর প্র্যাকটিক্যাল পরীক্ষার নির্ধারিত তারিখ অপরিবর্তিত থাকবে। এডিসির প্রশাসন সূত্রে এ খবর জানা গেছে।

Rajib Bhattacharjee :

সাংসদ রাজীব ভট্টাচার্য বলেছেন নদীকে কেন্দ্র করেই গড়ে উঠেছে মানব সভ্যতা। সেই সংস্কৃতির প্রতিচ্ছবিই তিতাস একটি নদীর নাম গ্রন্থের মাধ্যমে তুলে ধরেছিলেন অমর কথাসাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণ। তা নবপ্রজন্মের কাছে পরিচিত করানোর জন্যই প্রতিবছর অদ্বৈত মল্ল বর্মণ উৎসব ও মেলার আয়োজন করা হয়ে থাকে। গতকাল রাতে সিপাহীজলা জেলার নলছড় দশমীঘাট মাঠে অদ্বৈত মেলার দ্বিতীয় দিনের অনুষ্ঠানে যোগ দিয়ে একথা বলেন সাংসদ রাজীব ভট্টাচার্য। উপস্থিত ছিলেন উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মণ, বিধায়ক জিতেন্দ্র মজুমদার প্রমুখ।

Minister TinKu Roy :

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় বলেছেন গ্রামীণ সংস্কৃতি ও লোকসংস্কৃতির বিকাশে অন্যতম ভূমিকা নিচ্ছে গ্রামীণ এলাকায় আয়োজিত মেলা। এই মেলা গ্রামীণ শিল্পীদের জন্য একটি বিরাট মঞ্চ। এর মাধ্যমে গ্রামীণ সংস্কৃতিকে বিকশিত করা হচ্ছে। গতকাল ধর্মনগরের কদমতলা ব্লকের বরগোলে পাঁচদিন ব্যাপী সাংস্কৃতিক মেলা ও প্রদর্শনীর আনুষ্ঠানিক উদ্বোধন করে তিনি একথা বলেন। আরাধনা সাংস্কৃতিক সংস্থা ও তথ্য ও সংস্কৃতি দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত ৫ দিন ব্যাপী মেলায় সাংস্কৃতিক অনুষ্ঠান সহ সেমিনার, কুইজ, কবিতা ও সাহিত্য পাঠের আসর, সংগীত ও নৃত্য ইত্যাদি বিষয়ে প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

N F Railway :

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে দুটি গুরুত্বপূর্ণ ট্রেন পরিষেবা, আগরতলা-ধর্মনগর-আগরতলা প্যাসেঞ্জার এবং শিলচর-আগরতলা-শিলচর এক্সপ্রেসে আধুনিক এল.এইচ.বি অর্থাৎ লিঙ্ক হফম্যান বুশ কোচ চালু করেছে। এই আপগ্রেডেশন-এর উদ্দেশ্য এই অঞ্চলের যাত্রীদের সুরক্ষা, স্বাচ্ছন্দ্য এবং সামগ্রিক ভ্রমণ অভিজ্ঞতা উন্নত করা।

Park-Jirania :

স্বদেশ দর্শন প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে জিরানীয়ার শচীন্দ্রনগর কলোনীতে কলকাতার নিকোপার্কের আদলে অত্যাধুনিক ইকো ট্যুরিজম, এডভেনশ্যার ট্যুরিজম ও ওয়াটার পার্ক গড়ে তোলা হবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামী ৫ই জানুয়ারী এই প্রকল্পের ভূমি পূজন ও শিলান্যাস করবেন।

ABVP-UDAIPUR :

তিন দিন ব্যাপি ২৮তম অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের ত্রিপুরা প্রদেশ সম্মেলন আজ থেকে উদয়পুরে শুরু হচ্ছে। গতকাল সেখানে প্রদর্শনী মন্ডপের উদ্বোধন করেন বিধায়ক অভিষেক দেবরায়।

Chabimura Utsav :

অমরপুরের ছবিমুড়ার পাদদেশে আগামী ১২ই জানুয়ারী ছবিমুড়া উৎসব অনুষ্ঠিত হবে। এই উৎসবে থাকবে সারারাত ব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান। বিধায়ক রঞ্জিত দাসের পৌরহিত্যে অমরপুর মহকুমা শাসকের কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়।

Distribution Winter Clothes :

ঋষ্যমুখ ব্লকের অভয়নগর গ্রাম পঞ্চায়েতের উদ্যোগে গতকাল অভয়নগর কমিউনিটি সভাগৃহে ৩০ জন গরীব মানুষকে শীতবস্ত্র বিতরণ ২০ জন বয়স্ক মানুষকে চলন সামগ্রী ও শিশুদের সুষম খাদ্য সামগ্রী প্রদান করা হয়। উপস্থিত ছিলেন দক্ষিণ জেলার জিলা পরিষদের সভাপতি দীপক দত্ত, ঋষ্যমুখ পঞ্চায়ত সমিতির চেয়ারম্যান শঙ্কুনাথ কর।

Red Ribbon Football Tournament :

ত্রিপুরা রাজ্য এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যোগে রাজ্যজুড়ে 'রেড রিবন ফুটবল টুর্নামেন্ট' আয়োজন করার লক্ষ্যে এক প্রস্তুতি বৈঠক গতকাল সচিবালয়ে অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যের সভাপতিত্বে আয়োজিত এক বৈঠকে 'রেড রিবন ফুটবল টুর্নামেন্টের' আয়োজন পদ্ধতি, সমন্বয় ব্যবস্থাপনা, দায়িত্ব বন্টন এবং খেলাধুলার মাধ্যমে যুব সমাজের মধ্যে এইচ.আই.ভি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির বিষয়টিও উঠে আসে। আগামী কিছুদিনের মধ্যে এই 'রেড রিবন ফুটবল টুর্নামেন্ট' রাজ্যব্যাপী আয়োজিত হবে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে রাজ্যের বিভিন্ন জেলায় হালকা থেকে মাঝারী কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ১৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১১ দশমিক ৫ সেলসিয়াস।
